

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৮: ইবাদত অর্থ কি?

আল্লাহ ভালবাসেন এবং সম্ভুষ্ট হন প্রকাশ্য ও অপ্রকাশ্য এমন যাবতীয় কথা ও কাজকে ইবাদত বলে। যেমনঃ দো'আ করা। আল্লাহ বলেন,

﴿ وَأَنَّ ٱللَّهِ مَسِّجِدَ لِلَّهِ فَلَا تَداَّعُواْ مَعَ ٱللَّهِ أَحَدًا ١٨ ﴾ [الجن: ١٨]

"আর (এই অহিও করা হয়েছে যে,) মসজিদসমূহ আল্লাহকে স্মরণ করার জন্য। অতএব, তোমরা আল্লাহ্র সাথে কাউকে ডেকো না" (জিন ১৮)।

আর আল্লাহ ছাড়া অন্য কাউকে ডাকলে যে কাফের হয়, তার প্রমাণ হচ্ছে,

﴿ وَمَن يَداعُ مَعَ ٱللَّهِ إِلَٰهًا ءَاخَرَ لَا بُراهَهُنَ لَهُ اللَّهِ بِهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ إِلَٰهًا ءَاخَرَ لَا بُراهُمُن لَهُ اللَّهِ اللَّهُ اللَّالَّالَا اللَّهُ اللَّاللَّا اللَّهُ اللَّالَّاللَّهُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ ال

"যে ব্যক্তি আল্লাহ্র সাথে অন্য উপাস্যকে ডাকে, যে ডাকার পক্ষে কোনো প্রমাণ নেই, তার হিসাব তো তার পালনকর্তার কাছেই। নিশ্চয়ই কাফেররা সফলকাম হবে না" (মুমিনূন ১১৭)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1493

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন